

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪২৬

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ধারনা করে যে, এই হাদীসটি সুলাইমান আল আ'মাশ এককভাবে বর্ণনা করেছেন, তার কথা অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن هَذَا الْخَبَرَ تَفَرَّدَ بِهِ سُلَيْمَانُ الْأَعْمَشُ

আরবী

1426 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ قَالَ: حَدَّثَنَا جَرِيرٌ عَنْ مَنْصُورٍ عَنْ أَبِي وَائِلٍ قَالَ: كَانَ أَبُو مُوسَى يُشَدِّدُ فِي الْبَوْلِ وَيَقُولُ: إِنَّ بَنِي إِسْرَائِيلَ كَانَ إِذَا أَصَابَ جِلْدَ وَائِلٍ قَالَ: كَانَ أَبُو مُوسَى يُشَدِّدُ فِي الْبَوْلِ وَيَقُولُ: إِنَّ بَنِي إِسْرَائِيلَ كَانَ إِذَا أَصَابَ جِلْدَ أَحَدِهِمْ بُوْلٌ قَرَضَهُ بِالْمِقْرَاضِ فَقَالَ حُدَيْفَةُ: لَوَدِدْتُ أَنَّ صَاحِبَكُمْ لَا يُشدِّد هَذَا التَّشْدِيدَ لَقَدْ رَأَيْتُنِي أَنَا وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَتَمَاشَى فَأَتَى سُبَاطَة قَوْمٍ خَلْفَ حَائِطٍ فَقَامَ كَمَا يَقُومُ أَحَدُكُمْ فَبَالَ قَالَ: فَاسْتَتَرْتُ مِنْهُ فَأَشَارَ إِلَيَّ فَجِئِتُ فَقُمت عند عَقِبِهِ حتى فَرَغَ.

الراوي: حُذَيْفَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1425 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৪২৬. আবূ ওয়াইল রহিমাহুল্লাহ বলেন, "আবূ মুসা আশ'আরী রাদ্বিয়াল্লাহু আনহু পেশাবের ব্যাপারে খুবই কড়াকড়ি আরোপ করতেন, তিনি বলতেন, "বনী ইসরাঈলের মাঝে কারো শরীরে পেশাব লাগলে কাঁচি দিয়ে তা কেটে ফেলতো।" তখন হুযাইফা রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "আমি ভালবাসি যে, তোমাদের সঙ্গী এরকম কড়াকড়ি না করুক। একবার আমি ও আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম পাশাপাশি হাঁটছিলাম। অতঃপর তিনি দেয়ালের পেছনে সম্প্রদায়ের ময়লা ফেলার জায়গায় আসেন অতঃপর দাঁড়ান, যেভাবে তোমরা দাঁড়িয়ে থাকো এবং পেশাব করেন। আমি তাঁর থেকে আড়ালে চলে যাই। তিনি আমাকে কাছে আসার জন্য ইশারা করেন। ফলে আমি তাঁর পায়ের গোড়ালীর কাছে এভাবে তিনি তাঁর হাজত পূরণ করেন।"[1]



ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ২২৪; আবূ দাউদ: ২৩; নাসাঈ: ১/২৫; আব্দুর রাযযাক: ৭৫১; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৯৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/১২৩; তিরমিযী: ১৩; মুসনাদ আহমাদ: ৫/৩৮২; সহীহ মুসলিম: ২৭৩; ইবনু মাজাহ: ৩০৫; দারেমী: ১/১৭১; সহীহ ইবনু খুযাহাহ: ১৬১।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ১৪২১।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ ওয়াইল (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন